

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১২৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪৪. জুম্মার ফরয সালাতের পর সুন্নাত সালাত

باب الصَّلَاةِ بَعْدَ الْجُمْعَةِ

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِيّ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا ابْنُ جُرَيْجٍ، أَخْبَرَنِي عُمَرُ بْنُ عَطَاءِ بْنِ أَبِي الْخُوَارِ، أَنَّ نَافِعَ بْنَ جُبَيْرٍ، أَرْسَلَهُ إِلَى السَّائِبِ بْنِ يَزِيدَ ابْنِ أَخْتِ نَمِرٍ يَسْأَلُهُ عَنْ شَيْءٍ، رَأَى مِنْهُ مُعَاوِيَةُ فِي الصَّلَاةِ فَقَالَ صَلَّيْتُ مَعَهُ الْجُمُعَةَ فِي الْمَقْصُورَةِ فَلَمَّا سَلَّمْتُ قُمْتُ فِي مَقَامِي فَصَلَّيْتُ فَلَمَّا دَخَلَ أَرْسَلَ إِلَىَّ فَقَالَ لَا تَعُدْ لِمَا صَنَعْتَ إِذَا صَلَيْتَ الْجُمُعَةَ فَي اللهِ صلى الله عليه وسلم أَمرَ بِذَلِكَ أَنْ لَا تُوصَلَ صَلَاةً بِصِلَةٍ حَتَّى يَتَكَلَّمَ أَوْ يَخْرُجَ فَإِنَّ نَبِيَّ اللهِ صلى الله عليه وسلم أَمرَ بِذَلِكَ أَنْ لَا تُوصِلَ صَلَاةً بِصِلَةٍ حَتَّى يَتَكَلَّمَ أَوْ يَخْرُجَ فَإِنَّ نَبِيَّ اللهِ صلى الله عليه وسلم أَمرَ بِذَلِكَ أَنْ لَا تُوصِلَ صَلَاةً بِصِلَةٍ حَتَّى يَتَكَلَّمَ أَوْ يَخْرُجَ فَإِنَّ نَبِيَّ اللهِ صلى الله عليه وسلم أَمرَ بِذَلِكَ أَنْ لَا تُوصِلَ صَلَاةً بِصِلَةٍ حَتَّى يَتَكَلَّمَ أَوْ يَخْرُجَ فَإِنَّ نَبِيَّ اللهِ صلى الله عليه

_ صحیح : م

বাংলা

১১২৯। 'উমার ইবনু 'আত্বা ইবনু আবুল খুওয়ার (রহঃ) সূত্রে বর্ণিত। নাফি' ইবনু জুবায়ির (রহঃ) তাকে 'উমার (রাঃ) এর ভাগ্নে আস-সায়িব ইবনু ইয়াযীদের নিকট এটা জানার জন্য পাঠালেন যে, আমীর মু'আবীয়াহ সালাতে আপনাকে কী করতে দেখেছিলেন। আস-সায়িব ইবনু ইয়াযীদ (রহঃ) বলেন, একদা আমি মু'আবিয়াহ (রাঃ) এর সাথে মিহরাবের মধ্যে জুমু'আহর সালাত আদায় করলাম। সালাম ফিরিয়ে আমি একই স্থানে দাঁড়িয়ে (সুন্নাত) সালাত আদায় করলাম। ঘরে পৌছে তিনি লোক মারফত আমাকে বললেন, তুমি (আজ) যা করেছো এরূপ আর কখনো করবে না। জুমু'আহর সালাত আদায়ের পর কোন কথা না বলে কিংবা মাসজিদ হতে বের না হয়ে সেখানে পুনরায় সালাত আদায় করবে না। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আদেশ করেছেন যে, কথা না বলা কিংবা মাসজিদ হতে বের না হওয়া পর্যন্ত এক সালাতের সাথে আরেক সালাত মিলানো যাবে না।[1]

সহীহ: মুসলিম।



English

'Umar b. 'Ata' b. Abu al-Khuwar said that Nafi' b. Jubair sent him to al-Sa'ib b. Yazid b. Ukht Namir to ask him about something Mu'awiyyah had seen him do in prayer. He said:

I offered the Friday prayer along with him in enclosure. When I uttered the salutation I stood up in my place and prayed. When he went in, he sent me a message saying: Never again do what you have done. When you pray the Friday prayer, you must not join another prayer to it till you have engaged in conversation or gone out, for the Prophet of Allah () gave the precise command not to join on prayer till you have engaged in conversation or gone out.

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : জুমু'আহ, অনুঃ জুমু'আহর পরবর্তী সালাত), আহমাদ (৪/৯৫), ইবনু খুযাইমাহ (হাঃ ১৭০৫) সকলে ইবনু জুরাইজ হতে 'উমার ইবনু 'আত্বা সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনু আতা (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন